

# মুগান্ধি

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১০:২৮ এএম

সারাদেশ

## যশোর বোর্ডের দুই প্রতিষ্ঠানে একজন করে পরীক্ষার্থী, সবাই ফেল



যশোর বুরো

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ০৬:০০ পিএম



চলতি বছরের মাধ্যমিক ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এবার জিপিএ-৫ ও পাশের হার দুটোই কমেছে। সারা দেশের মতো যশোর শিক্ষা বোর্ডেও একই অবস্থা।

এদিকে যশোর শিক্ষা বোর্ডের অধীন দুই শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ ফেল করেছে। এ দুই প্রতিষ্ঠান থেকে একজন করে পরীক্ষার্থী এবারের এসএসসি পরীক্ষায় অংশ নেয়। তারা দুইজনই ফেল করেছে।

এছাড়া যশোর শিক্ষা বোর্ডের ৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের শতভাগ ছেলেমেয়ে পাশ করেছে।

বৃহস্পতিবার (১০) জুলাই দুপুরে যশোর শিক্ষা বোর্ড মিলনায়তনে বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণাকালে বোর্ড কর্তৃপক্ষ এ তথ্য দেন।

যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মোসাম্মাং আসমা বেগম দুপুর ১টায় আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন।

পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. আব্দুল মতিন জানান, এ বছর ৭৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের শতভাগ ছেলেমেয়ে পাশ করলেও শতভাগ ফেল করেছে দুইটি শিক্ষাপ্রতিষ্ঠান। শতভাগ ফেল দুইটি প্রতিষ্ঠান হলো নড়াইলের মুলাদি তালতলা সেকেন্ডারি গার্লস স্কুল এবং মোড়েলগঞ্জের নামালখালী গার্লস হাই স্কুল। উভয় প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।

যশোর শিক্ষা বোর্ডের অধীনে এ বছর সবচেয়ে বেশি পাশ করেছে যশোর জেলায়, এখানে পাশের হার ৭৯.০৭ এবং সবচেয়ে কম পাশের জেলা হচ্ছে মেহেরপুর, পাশের হার ৬২.৭০ শতাংশ।

ফলাফল ঘোষণাকালে চেয়ারম্যান, প্রধান পরীক্ষা নিয়ন্ত্রক ছাড়াও উপস্থিত ছিলেন বোর্ডের সচিব প্রফেসর মাহবুবুর রহমান, কলেজ পরিদর্শক প্রফেসর তৌহিদুর রহমান, বিদ্যালয় পরিদর্শক ড. কামরুজ্জামান, সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট জাহাঙ্গীর কবির প্রমুখ।